# হালুয়াঘাট উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মাহমুদুল হক সায়েম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
হালুয়াঘাট, ময়মনসিংহ।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ কনফারেন্স রুম
হালুয়াঘাট, ময়মনসিংহ।
সভার তারিখ ঃ ২৭ জুন, ২০২২ খ্রিঃ, সময় ঃ সকাল ১১.৩০ ঘটিকা।

উপস্থিত সদস্য ঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে হালুয়াঘাট উপজেলাকে একটি মডেল উপজেলা হিসেবে গড়ার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। অতপর সভা পরিচালনা করার জন্য নতুন যোগদানকৃত উপজেলা নিবহী অফিসার, হালুয়াঘাট কে অনুরোধ জানান। জনাব মোঃ সোহেল রানা, উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট সকলকে শুভেচ্ছা, স্বাগত জানিয়ে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কার্যবিবরণীতে কোন সংযোজন/বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২। বিভাগীয় কার্যক্রমের উপর আলোচনা ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.১ | ক. ডাঃ মুনীর আহমেদ, উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, হালুয়াঘাট সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে দালালদের দৌরাত্ম বেড়ে যাওয়ায় তিনি দালালদের দৌরাত্ম বন্ধ করতে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>খ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, হালুয়াঘাট উপজেলার অধিকাংশ কমিউনিটি ক্লিনিক সময়মত খোলা থাকে না। প্রায় সময় বন্ধ থাকে এতে করে অত্র অঞ্চলের সাধারণ মানুষ চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হচ্ছে মর্মে প্রায় সময় মানুষ বিভিন্ন অভিযোগ করছে বলে তিনি সভায় অবহিত করেন। তিনি কমিউনিটি ক্লিনিক নিয়মিত যাতে খোলা হয় এবং নিয়মিত কমিউনিটি ক্লিনিক পরিদর্শন এবং সিএইচসিপিদের নিয়ে নিয়মিত বসার জন্য তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তাকে অনুরোধ জানান।<br><br>গ. উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, গত ১৮ অক্টোবর, ২০২১ খ্রি. তারিখে স্মারক নং-৪৬.৪৫.৬১২৪.০০১.০০.০০২.২১.১৪৯ মূলে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কোয়ার্টারে বসবাসরতদের জানুয়ারি/২০১৯ হতে সেপ্টেম্বর/২০২১ এ মাসভিত্তিক ভাড়া আদায়ের তথ্য প্রেরণ করার জন্য পত্র প্রেরণ হয়েছিল কিন্তু অদ্যাবধি পর্যন্ত পত্রের চাহিত তথ্য পাওয়া যায়নি। এতে প্রতীয়মান হয় যে স্বচ্ছতার সহিত বাসা ভাড়া কর্তন করা হচ্ছে না এবং বাসা যদি কনডেমড ঘোষণা না হয় তাহলে শতভাগ বাসা ভাড়া কর্তন করার জন্য অনুরোধ জানান। | ১.কমিউনিটি ক্লিনিকের হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি)গণ নিয়মিত কমিউনিটি ক্লিনিকগুলো চালু রেখে সাধারণ মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগ নিয়মিত চালু রেখে ডাক্তারের উপস্থিতিতে স্বাস্থ্য সেবা প্রদান নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।<br><br>গ. সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বসবাসরতদের নিয়মিত ভাড়া কর্তন পূর্বক উপজেলা বাসা ভাড়া তহবিল, সঞ্চয়ী হিসাব- ১৬৭৮, বাংলাদেশ কৃষি ব্যাংক, হালুয়াঘাট শাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত এবং দ্রুত সময়ের গত ১৮ অক্টোবর, ২০২১ এ প্রেরিতে ১৪৯ নং স্মারকে প্রেরিত পত্রের তথ্য প্রেরণ নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ অফিসার ও সংশ্লিষ্ট সকল, হালুয়াঘাট, ময়মনসিংহ। |
| ২.২ | উপজেলা কৃষি বিভাগ ঃ<br>ক. জনাব মাসুদুর রহমান, উপজেলা কৃষি অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, বোরো ধানে বিচ্ছিন্নভাবে ব্লাস্ট এবং বিপিএইচ এর আক্রমন পরিলক্ষিত হলেও আমাদের সুষ্ঠ ব্যবস্থাপনার মাধ্যমে তা দমন করা সম্ভব হয়েছে। এছাড়াও কৃষি শ্রমিকের অভাব পরিলক্ষিত হওয়ায় কৃষি শ্রমিকের মূল্য বৃদ্ধি পেয়েছে। উপজেলায় কৃষকদের মধ্যে কম্বাইন হার্ভেস্টার ক্রয়ের আগ্রহ থাকায়, ১৭টি কম্বাইন হার্ভেস্টার সরবরাহ করা করেছে ফলে অল্প সময়ের মধ্যে ধান কর্তন সম্পন্ন হয়েছে। এছাড়াও চারা রোপনের যন্ত্র কৃষকের মাঝে জনপ্রিয় করা প্রয়োজন। তিনি আরও জানান যে, ফসলের নিবিড়তা বৃদ্ধির জন্য ১১টি গ্রুপ গঠন করা হয়েছে এবং গ্রুপের মধ্যে যন্ত্রপাতি বিতরণ করা হচ্ছে। কৃষকের উদ্বুদ্ধকরণ ও প্রদর্শনী স্থাপন, পুষ্টি বাগান প্রদর্শনী'র কাজ চলছে। অনাবাদি ও পতিত জমি ব্যবহারের জন্য আধা, হলুদ চাষের প্রতি কৃষকের উদ্বুদ্ধকরণ করণের কাজ চলছে।<br>খ. তাছাড়া ভূবনকুড়া, গাবরাখালী, গোবরাকুড়া কড়ইতলীতে কাজু বাদাম ও কফি চাষের জন্য প্রদর্শনী স্থাপন করাসহ বাণিজ্যিক ভাবে কাজু বাদাম চাষ চলমান রয়েছে। এছাড়াও বিভিন্ন সময়ে কৃষি বাজার ব্যবস্থা কে জোড়দার করার জন্য উদ্বুদ্ধ করা হচ্ছে। তাছাড়া তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে।<br>গ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, উপজেলা কৃষি দপ্তরের মাধ্যমে কোন প্রণোদনা এবং গ্রুপ গঠন করার পূর্বে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের সাথে আলোচনা পূর্বক তালিকা এবং গ্রুপ গঠন করার জন্য তিনি সভায় আহবান জানান।<br>ঘ. উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, কৃষকদের মাঝে বিভিন্ন প্রণোদনা বিতরণে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সম্পৃক্ত করার জন্য তিনি সভায় অনুরোধ জানান। | ১. সভায় বিস্তারিত আলোচনান্তে কৃষিকে আরো আধুনিকায়ন এবং যান্ত্রিক করার জন্য সমবায় সমিতি গঠনের মাধ্যমে প্রান্তিক কৃষকের কৃষি কাজের উৎপাদন খরচ কমানোর উপর গুরুত্বারোপ করেন এবং প্রণোদনার অর্থ যেন প্রান্তিক কৃষকরা তা যথাযথ নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় বিস্তারিত আলোচনার পর সারের কৃত্রিম সংকট রোধ করার জন্য বিশেষ ভাবে নজরদারি বৃদ্ধি করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন।<br>৩. প্রান্তিক পর্যায়ে কৃষকদের জন্য সরকার কর্তৃক গৃহীত প্রণোদনা যথাযথভাবে বিতরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪. সভায় বিস্তারিত আলোচনান্তে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ নিয়ম মাফিক ইউনিয়ন পরিষদ কমপ্লেক্সে বসার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা কৃষি অফিসার, হালুয়াঘাট।<br>০২। উপ-সহকারী কৃষি কর্মকর্তা (সকল), হালুয়াঘাট। |

চলমান পাতা-২

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.৩ | এলজিইডি ঃ<br>ক. জনাব মোঃ মাফুজুর রহমান, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, হালুয়াঘাট জানান যে, ২০২১-২২ অর্থ বৎসরে গাবরাখালী গারো পাহাড় পর্যটন কেন্দ্রের রাস্তাটি খারাপ থাকায় ওয়াচ টাওয়ারটি নির্মাণ করা যায়নি বিধায় ২০২২-২৩ অর্থ বৎসরে ওয়াচ টাওয়ারটি নির্মাণের জন্য টেন্ডার আহ্বান করা হবে। তিনি আরও জানান যে, হালুয়াঘাট উপজেলাধীন ১২টি ইউনিয়নের নতুন রাস্তার আইডি অন্তর্ভুক্তির লক্ষ্যে জরুরি ভিত্তিতে আগামী ২০ আগস্ট/২০২২ খ্রি. তারিখের মধ্যে রাস্তার তালিকা প্রেরণ নিশ্চিত করার জন্য সভায় অনুরোধ জানান। এছাড়াও ২০২২-২৩ অর্থ বৎসরে বিভিন্ন ইউনিয়নের বাজার সংস্কার/মেরামতকরণ কাজের চাহিদার ভিত্তিতে প্রাক্কলন তৈরি করা হবে এবং বাসা-বাড়ি মেরামত কাজের প্রাক্কলন তৈরির কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া তাঁর ইউনিয়নের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | ক. কাজের গুনগত মান বজায় রেখে গৃহীত প্রকল্প সমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য এবং চলমান প্রকল্প সমূহ নিবিড়ভাবে মনিটরিং করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ. সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের কার্যক্রম অধিক গুরুত্বসহকারে বাস্তবায়ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নিবাহী অফিসার, হালুয়াঘাট।<br>২। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট। |
| ২.৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:<br>ক. জনাব মোহাম্মদ আলাল উদ্দিন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় বজ্রপাত হতে প্রাণহানি রোধকল্পে বজ্র নিরোধক দন্ড, বজ্র নিরোধক যন্ত্র (Lightining Arrester) স্থাপনের জন্য অত্র উপজেলায় ১২,০০,০০০.০০ বরাদ্দ পাওয়া গিয়াছে।<br>খ. পাহাড়ি ঢলে এবং উজানের পানি আসায় সাপের প্রাদুভার্ব বেড়ে যেতে পারে বিধায় এবং সাপ মানুষদের কামড়াতে পারে এ বিষয়ে সকলকে সচেতন থাকার জন্য সভায় জানান। তাঁর দপ্তরের স্বাভাবিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকীতে মুজিববর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের মাঝে ভূমি সহ গৃহ প্রদান কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হালুয়াঘাট ।<br>৩। ইউ.পি. চেয়ারম্যান |
| ২.৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ<br>ক. ডাঃ তারেক আহমেদ, উপজেলা প্রাণিসম্পদ অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হতে জুন/২০২২ মাসে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে নিম্নরূপ কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হতে জুন/২০২২ মাসে ০৯টি ইউনিয়নে মোট ৮৮৪০টি গবাদিপ্রাণিকে সংক্রামক রোগের টিকা প্রদান করা হয়েছে ২) পোল্ট্রি খামারিদের মাঝে হাঁস-মুরগির রানীক্ষেত এবং ডাকপ্লেগ রোগের মোট ৬৫০০০ মাত্রা টিকা বিতরণ করা হয়েছে ৩) গবাদি প্রাণির চিকিৎসা করা হয়েছে ১৭০২টি ৪) হাঁস-মুরগির চিকিৎসা করা হয়েছে ৫১২০টি ৫) ১২টি ইউনিয়নে মোট ১৪৯৭ টি গাভী ও বকনা গরুকে কৃত্রিম প্রজনন করা হয়েছে ০৬) কৃত্রিম প্রজনন ও টিকা বীজ বিক্রয় করে সরকারি রাজস্ব জমা হয়েছে ৬৮১৬০.০০ টাকা।<br>খ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের কর্মরত মাঠ কর্মীদের নিয়মিত ইউনিয়ন পরিষদের অবস্থান করে গবাদি প্রাণিকে চিকিৎসা সেবা অব্যাহত রাখতে হবে এবং কৃষকের কাছ থেকে বীজের দাম বেশি নেয়া যাবে না। এ বিষয়টি মনিটরিং করার জন্য তিনি উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হালুয়াঘাট কে সভার মাধ্যমে আহ্বান জানান। | ১) হাঁস/মুরগীর এভিয়েন ইনফ্লুয়েঞ্জা /বার্ডফ্লুতে আক্রান্ত না হয় সে দিকে খেয়াল রেখে টিকা প্রদান কর্মসূচি গ্রহণসহ প্রয়োজনীয় ঔষধ সরবরাহ নিশ্চিত এবং আগত সেবাপ্রার্থীকে সঠিক চিকিৎসা ও পরামর্শ দিয়ে সহযোগিতা করতে হবে।<br>২) গবাদি পশু ও হাঁস মুরগীর খাদ্য, ফিড মিল ও ঔষধের দোকানের তালিকা প্রস্তুত করার জন্য অনুরোধ করা হলো।<br>খ. সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের কর্মরত মাঠ কর্মীগণ নিয়মিত ইউনিয়ন পরিষদের অবস্থান করে গবাদি প্রাণিকে চিকিৎসা সেবা অব্যাহত রাখতে হবে এবং কৃষকের কাছ থেকে বীজের দাম বেশি না নেয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট,<br>২। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হালুয়াঘাট। |
| ২.৬ | উপজেলা শিক্ষা বিভাগ ঃ<br>ক. জনাব স্বপন কুমার সূত্রধর, উপজেলা শিক্ষা অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, তাঁর দপ্তরের স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। | ১. সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা শিক্ষা কমিটিকে নতুন করে আপডেট ও কার্যকর করা এবং নিয়মিত এর সভা অনুষ্ঠানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাথমিক শিক্ষার সামাজিক বিষয়গুলোকে সর্বাধিক গুরুত্ব এবং নিয়মিত উপজেলা শিক্ষা কমিটির সভা আহ্বানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. বিদ্যালয়গুলোতে নিয়মিত পরিদর্শনের মাধ্যমে স্বাস্থ্যবিধি অনুসরণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং স্কুলের শ্রেণি কার্যক্রম যথাযথ পরিচালনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার,হালুয়াঘাট।<br>২। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট।<br>৩। উপজেলা শিক্ষা কর্মকর্তা,হালুয়াঘাট,<br>৪। উপজেলা সহকারী শিক্ষা অফিসার (সকল)। |
| ২.৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:<br>ক. জনাব মোঃ দেলোয়ার হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হালুয়াঘাট প্রতিবেদনের মাধ্যমে জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে।<br>খ. উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, বিভিন্ন বিদ্যালয় এবং মাদ্রাসায় প্রিজাইডিং অফিসার এবং এডহক কমিটি গঠন ও অভিভাবক প্রতিনিধি মনোনয়ন কে কেন্দ্র করে সোশ্যাল মিডিয়ায় প্রচার ও প্রকাশিত হয়ে শিক্ষার স্বাভাবিক সুষ্ঠু পরিবেশ বজায় রাখা কঠিন হয়ে পড়ছে বিধায় এ বিষয়টি সর্বাধিক গুরুত্বসহাকারে নিয়ে কার্যক্রম পরিচালনা করার জন্য তিনি অনুরোধ জানান। | ১. নির্ধারিত কমিটির মাধ্যমে নিয়মিত স্কুলগুলো পরিদর্শন এবং স্কুলের শ্রেণি কার্যক্রম যথাযথভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. শিক্ষার্থীদের টিকা প্রদানের পাশাপাশি জন্ম নিবন্ধনের তথ্যগুলো যথাযথভাবে সংরক্ষণ এবং টিকা সনদ প্রাপ্তির নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাল্য বিবাহ রোধে প্রত্যেক স্কুলে আলোচনা অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, হালুয়াঘাট ও সংশ্লিষ্ট সকল।<br>২। উপজেলা একাডেমিক সুপারভাইজার, হালুয়াঘাট |

চলমান পাতা-৩

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.৮ | উপজেলা মৎস্য বিভাগঃ<br>জনাব জাকির হোসেন, উপজেলা মৎস্য কর্মকর্তা, হালুয়াঘাট সভায় জানান যে, বিজ্ঞান সম্মতভাবে ও লাগসই প্রযুক্তি ব্যবহার করে মৎস্য উৎপাদন বাড়ানোর জন্য প্রান্তিক পর্যায়ের চাষীদের উদ্বুদ্ধ করা হচ্ছে। বিভিন্ন বিষয়ে মৎস্য চাষীদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। অত্র দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অন্যান্য সকল দপ্তরের সহযোগিতা কামনা করছি। তাছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | ক. গৃহীত কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়।<br>খ. মৎস্য চাষ উন্নয়নে আধুনিক প্রযুক্তি গ্রহণের মাধ্যমে মৎস্য চাষ কার্যক্রম জোরদার করতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, হালুয়াঘাট। |
| ২.৯ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ<br>ক. জনাব আরমালা হক, উপজেলা মহিলা বিষয়ক অফিসার, হালুয়াঘাট প্রতিবেদনের মাধ্যমে জানান যে, তাঁর কার্যালয়ে ভিজিডি কার্যক্রম, ক্ষুদ্র ঋণ কার্যক্রম, স্বেচ্ছাসেবী সংগঠন সমূহের কার্যক্রম, বাল্যবিবাহ প্রতিরোধ, আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের কার্যক্রম, যৌতুক রোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত প্রভৃতি কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে এবং মাতৃত্বকাল ভাতার টাকা ব্যাংকের মাধ্যমে বিতরণ চলছে।<br>খ. উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, বাল্য বিবাহ নিরুৎসাহিত করার জন্য আমাদের নিজ নিজ অবস্থান থেকে একটি বলয় তৈরি করতে হবে এবং জনগণকে বাল্য বিবাহের কুফল সম্পর্কে ধারণা দিতে হবে। | ক. নারী নির্যাতন, বাল্য বিবাহ ও যৌতুক প্রতিরোধকল্পে সচেতনতামূলক উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>খ. বাল্য বিবাহ রোধে তাঁকে আরও দায়িত্বশীল ভূমিকা রাখার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হালুয়াঘাট।<br>২। চেয়ারম্যান, সকল ইউ.পি., হালুয়াঘাট, ময়মনসিংহ। |
| ২.১০ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:<br>ক. উপজেলা পঃপঃ অফিসার, হালুয়াঘাট এর পক্ষে জনাব বিনয় রঞ্জন চাকমা, সহকারী উপজেলা পঃপঃ কর্মকর্তা, হালুয়াঘাট সভায় জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। অত্র হালুয়াঘাট উপজেলায় জুন/২০২২ খ্রি. মাসে মাসিক অগ্রগতির প্রতিবেদন (CAR) রিপোর্ট অনুযায়ী ৬৮০৯০ জন সক্ষম দম্পতিদের মধ্যে পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৫৩৯৫৫ জন এবং হার ৭৯.২৪% জুন/২০২২ খ্রি. মাসে স্থায়ী ও অস্থায়ী দীর্ঘমেয়াদী পদ্ধতি গ্রহীতার সংখ্যা নিম্নে উল্লেখ করা হলো ঃ (১) স্থায়ী পদ্ধতি গ্রহীতার সংখ্যা পুরুষঃ ০২ জন, (২) স্থায়ী পদ্ধতি গ্রহীতার সংখ্যা মহিলাঃ ০৯ জন, (৩) অস্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি ইমপ্ল্যান্ট গ্রহীতার সংখ্যা ঃ ৮২ জন (৪) অস্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি কপারটি (I.U.D) গ্রহীতার সংখ্যাঃ ০৮ জন। তাছাড়া পরিবার কল্যাণ সহকারীদের মাঠ কর্মসূচি অনুযায়ী বাড়ী পরিদর্শন, পরিবার পরিকল্পনার অস্থায়ী জন্মবিরতিকরণ সামগ্রী নিয়মিতভাবে বিতরণ চলছে। পরিবার পরিকল্পনা পরিদর্শকগণ মাঠ কার্যক্রম যথারীতি তদারকি, মাসিক মিটিং সম্পন্ন করছে। সকল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে উপ-সহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার ও পরিবার কল্যাণ পরিদর্শিকাদের সমন্বয়ে মা ও শিশু স্বাস্থ্যসহ সাধারণ রোগীদের নিয়মিত সেবাদান কার্যক্রম এবং আর.ডি ক্লিনিকসমূহে পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ মা ও শিশু স্বাস্থ্যসহ সাধারণ রোগীদের নিয়মিত সেবাদান কার্যক্রম করে যাচ্ছে। প্রত্যেক ইউনিয়নে পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ মা ও শিশু স্বাস্থ্যসহ সাধারন রোগীদের নিয়মিত সেবাদান কার্যক্রম করে যাচ্ছে। প্রত্যেক ইউনিয়নে পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ তাদের স্যাটেলাইট ক্লিনিক প্রোগ্রাম অনুযায়ী সেবা প্রদান কার্যক্রম চালিয়ে যাচ্ছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র খোলা রয়েছে। অত্র হালুয়াঘাট উপজেলায় স্বেচ্ছাসেবীগণ স্বাভাবিক কাজ করে যাচ্ছে। উপ-সহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার ০৪ জন ও পরিবার কল্যাণ পরিদর্শিকা ১১ জন শূন্য রয়েছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র খোলা হয়েছে। বর্তমানে করোনা ভাইরাস পরবর্তী বৃদ্ধির আশঙ্খায় পরিবার পরিকল্পনা বিভাগের স্বাস্থ্য বিধি মেনে বার বার পানি দিয়ে হাত ধোয়া, নাক ও চোখ স্পর্শ থেকে বিরত থাকা, মাস্ক ব্যতীত অফিসে প্রবেশ না করা এবং সামাজিক দূরত্ব বজায় রেখে মাঠে সেবা প্রদান করা। সর্দি জ্বরে আক্রান্ত ব্যক্তি থেকে কমপক্ষে ১ মিটার বা ৩ ফুট নিরাপদ দূরত্ব থাকা। পরিবার পরিকল্পনা বিভাগের প্রত্যেক ইউনিয়ন ভিত্তিক মাঠকর্মীর করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধ কমিটি গঠন ও সাধারণ মানুষ কোভিড-১৯ রোগ সম্পর্কে সচেতনতামূলক প্রচারণা অব্যাহত আছে। এছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | ১.জনসংখ্যা বৃদ্ধিরোধকল্পে উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ হতে প্রদত্ত সেবাগুলোর বিষয়ে গণমানুষকে ব্যাপকভাবে সুফল সম্পর্কে অবহিত করতে হবে যাতে করে তারা এ পদ্ধতি গ্রহণে উদ্বুদ্ধ হতে পারে।<br>২.মাঠ পর্যায়ে নিয়োজিত সেবা প্রদানকারীগণের কার্যক্রমের উপর সার্বক্ষণিক পরিদর্শন কাজ অব্যাহত রাখতে হবে।<br>৩.সরকারি লক্ষ্য মাত্রানুযায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি প্রদান কার্যক্রম ব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার ও সংশ্লিষ্ট সকল। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.১১ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ<br>ক. জনাব মোঃ আবু জুলহাস, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হালুয়াঘাট সভায় জানান যে, মূল ঋণ তহবিল-২৫,৮১,৮০০/-, মোট ঋণ তহবিল-৭১,৫৪,৯১৭/-, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ-২,৯১,৯৬,০০০, ক্রমপুঞ্জিত আদায়যোগ্য (আসল)-২,৭১,৩১,০৬০.০০, ক্রমপুঞ্জিত আদায়কৃত (আসল)-২,৪০,৮৭,২৩৭.০০, ক্রমপুঞ্জিত আদায়ের হার-৮৮.৮২%, খেলাপীর পরিমাণ-১৯,৮২,৪৫৯/- বর্তমান মাসে খেলাপী আদায়-৩০,৩০০/- টাকা তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। এ তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | ১. আত্মকর্মসংস্থানমূলক কার্যক্রমসহ গৃহীত অন্যান্য সকল কর্মসূচির সফল বাস্তবায়ন করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, হালুয়াঘাট। |
| ২.১২ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ<br>ক. জনাব মোহাম্মদ এনামুল হক, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, তাঁর দপ্তরে বর্তমানে ০৯টি প্রকল্প চলমান রয়েছে। ১৫৬টি গভীর গভীর নলকূপ আছে, সচল রয়েছে ৯২টি। বাকী মেশিনগুলো মেরামতের সুপারিশ করা হয়েছে। ০৯টি প্রকল্পের মোট ঋণ প্রদান ২০ কোটি ৯৯ লক্ষ টাকা। আদায়ের গড় হাড় ৮৯% করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে মাঠ পর্যায়ে সামান্য সমস্যা দেখা দিয়েছে। উল্লেখ্য যে, ব্যাংক ঋণ, নিজস্ব তহবিল এবং মহিলা উন্নয়ন অনুবিভাগ প্রকল্প হতে প্রদানকৃত ঋণ বিতরণ ও আদায় ১০০% অর্জিত হয়েছে। অপ্রধান শস্য প্রকল্পের আওতায় নতুন করে ৯৪ জন কৃষক ও কৃষাণীকে ১৪ লক্ষ ১৬ হাজার টাকা ঋণ বিতরণ ও বিভিন্ন জাতের বীজের সুবিধা প্রদান করা হয়েছে।<br>তাঁর দপ্তরের বাস্তবায়ানধীন কর্মসূচি ও প্রকল্প সমূহ সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। খেলাপী ঋণ আদায়ে সকলের সহযোগিতা কামনা করেন।<br>১। শষ্য ঋণ- প্রাপ্ত তহবিল-১৫৬.২৫, আদায়-১৪৬.৬৩<br>২। মেয়াদী ঋণ গভীর নলকূপ- প্রাপ্ত তহবিল-১৯১.৬৬, আদায়-১৮৪.৫৪<br>৩। আবর্তক কৃষি ঋণ- প্রাপ্ত তহবিল-১৯.০৯, আদায়-২১৭.৬৯<br>৪। সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি- প্রাপ্ত তহবিল-৬০.০০, আদায়-৩০০.৯৩<br>৫। পল্লী প্রগতি প্রকল্প- প্রাপ্ত তহবিল-২৫.৪৪, আদায়-৯৬.২৮<br>৬। বীর মুক্তিযোদ্ধা প্রকল্প-প্রাপ্ত তহবিল-৮.৬২, আদায়-১২.৬৪<br>৭। গুচ্ছগ্রাম-প্রাপ্ত তহবিল-৪.০০, আদায়-১.৪৭<br>৮। অপ্রধান শস্য প্রকল্প-৪৫.০০, আদায়-২৭.৯২<br>৯। এসএমই ঋণ-১১.০০, আদায়-২.৪৪<br>৮। মহিলা উন্নয়ন অনুবিভাগ- প্রাপ্ত তহবিল-১০৬৯.১৯, আদায়-৯৭৭.৬০<br>খ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট গুচ্ছগ্রাম গুলোতে আয়বর্ধক প্রকল্প এবং প্রশিক্ষণ প্রদানের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, হালুয়াঘাট কে অনুরোধ জানান।<br>গ. উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট ঋণ আদায়ের ক্ষেত্রে আরও বেশি যত্নশীল এবং মনিটরিং বৃদ্ধি করার জন্য অনুরোধ জানান। | ১। বিআরডিবি বিভাগের সমিতিভুক্ত সদস্যদেরকে সন্ত্রাস, জঙ্গিবাদ ও নাশকতার কুফল সম্পর্কে সচেতনতামূল আলোচনা অব্যাহত রাখতে হবে।<br>২। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে আরও গতিশীল করতে হবে।<br>৩। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে নিয়োজিত মাঠকর্মীদের কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করতে হবে।<br>৪। ভিক্ষুক পুনর্বাসন কার্যক্রমে সক্রিয় ভূমিকা পালন করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট।<br>২। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, হালুয়াঘাট। |
| ২.১৩ | উপজেলা সমাজসেবা বিভাগ ঃ<br>ক. উপজেলা সমাজসেবা অফিসার, হালুয়াঘাট প্রতিবেদনের মাধ্যমে জানান যে, তাঁর দপ্তর হতে বয়স্কভাতা, অস্বচ্ছল প্রতিবন্ধীভাতা, মুক্তিযোদ্ধাদের সম্মানীভাতা ও প্রতিবন্ধী ছাত্র/ ছাত্রীদের উপবৃত্তি প্রদান কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>খ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট জানান যে, বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে সরকার বদ্ধ পরিকর এবং এই অঙ্গীকার বাস্তবায়নে দেশের বয়োজ্যেষ্ঠ দুস্থ ও স্বল্প উপার্জনক্ষম অথবা উপার্জনে অক্ষম বয়স্ক জনগোষ্ঠীর সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বয়স্কভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা'র টাকা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে উপকারভোগীর একাউন্টে ঢুকলেও এই টাকা হাতিয়ে নিচ্ছে ৩য় পক্ষ এবং উপকারভোগীগণ টাকা পাচ্ছেন না, যা খুবই দুঃখজনক এবং অনাকাঙ্খিত। এতে করে দুস্থ ও স্বল্প উপার্জনক্ষম অথবা উপার্জনে অক্ষম ব্যক্তিগণ ক্ষতিগ্রস্ত হচ্ছে বলে সভায় অভিমত ব্যক্ত করেন। | ১. সকল প্রকার ভাতা বিতরণ কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যেই শেষ করতে হবে।<br>২. মাঠ পর্যায়ে কর্মরত মাঠকর্মীদের কাজ সার্বক্ষণিক তদারকি করতে হবে।<br>খ. সভায় বিস্তারিত আলোচনান্তে বয়স্কভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা'র টাকা যাতে ৩য় পক্ষ/অন্য কেউ উত্তোলন করতে না পারে সে ক্ষেত্রে বাস্তবভিত্তিক পর্যালোচনা পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ময়মনসিংহ বরাবর পত্র প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার, হালুয়াঘাট<br>৩। ইউ.পি. চেয়ারম্যান (সকল), হালুয়াঘাট। |
| ২.১৪ | উপজেলা সমবায় বিভাগ :<br>ক. জনাব মোহাম্মদ কামরুল হুদা, উপজেলা সমবায় কর্মকর্তা উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক নিয়মে এগিয়ে চলছে। সমবায় অধিদপ্তর কর্তৃক পরিচালিত "গারো সম্প্রদায়ের জীবন যাত্রার উন্নয়ন প্রকল্পে" ১০টি সমবায় সমিতির ৪০০ জন উপকারভোগীকে ৮০,০০,০০০/- (আশি লক্ষ) টাকা ঋণ প্রদান করা করে ঘূর্ণায়মান তহবিল হিসেবে ২৯১৮০০০০/- টাকা দাদন করে আসল ২১২৩৮৫২০/- টাকা আদায় করা হয়েছে। এছাড়াও আমার বাড়ি আমার খামার (৪র্থ সংশোধনী) প্রকল্পের আওতায় সমবায়ের মাধ্যমে ক্ষুদ্র-তাত্ত্বিক জনগোষ্ঠীর জীবনযাত্রার উন্নয়ন কম্পোনেন্ট। অত্র কার্যালয়ে বাস্তবায়িত হচ্ছে মোট ৫টি সমবায় সমিতি গঠন করে শেয়ার, সঞ্চয় আদায় করে মূলধন গঠন করা হচ্ছে এবং সরকারি অনুদান (প্রকল্প হতে) ২৬৫৪৩০০/- টাকা পাওয়া গিয়াছে এবং ২০৯ জন সদস্যদের ঋণ হিসাবে ইতিমধ্যে তা বিতরণ করা হয়েছে এবং ১০১ জনকে আবর্তক তহবিল হতে ২০২০০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে।<br>তিনি আরও জানান যে, করোনা ভাইরাস মহামারীর সময়ে অসহায় অক্ষম কর্মহীন সমবায় সমিতির সদস্য এবং অন্যান্য সাধারণ মানুষের মাঝে অত্র উপজেলার সমবায় সমিতি নিজস্ব তহবিল হতে ১১৮১ জনকে সর্বমোট ৭৬৯৪৫০/- টাকা খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। | সমবায় বিভাগ হতে এ অঞ্চলের গণমানুষকে সেবা প্রদানের কাজ অব্যাহত রাখতে হবে।<br>ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে আরো গতিশীলতা আনয়ন করতে হবে।<br>আমতৈল আশ্রয়ন (ফেইজ-২) প্রকল্পের উপকারভোগীদের আরও নিবিড় ভাবে পর্যবেক্ষণ করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ। |

চলমান পাতা-৫

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.১৫ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ঃ<br>ক. জনাব মেহেদী হাসান, উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), হালুয়াঘাট সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২০-২০২১ খ্রিঃ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি এর আওতায় উপজেলা ওয়াটসন কমিটির ১৫৬টি নলকূপের বোরিং সম্পন্ন হয়েছে এবং পানির ট্যাংকি লাগানোর কাজটি চলমান রয়েছে।<br>খ. তিনি আরও জানান যে, উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশলী'র ভবনটি পুরাতন এবং জীর্ণশীর্ণ থাকায় রাজস্ব বরাদ্দের মাধ্যমে নতুন ভবন বরাদ্দ নির্মাণের কাজ শুরু হয়েছে বলে তিনি সভাকে অবহিত করেন। এছাড়াও ভবন নির্মাণের স্থলে ১টি পুরাতন ভাংগার এবং ৪টি মরা আমগাছ থাকায় তা নিলাম পূর্বক উপজেলা রাজস্ব তহবিলে জমা প্রদান করা হয়েছে। এ ক্ষেত্রে তিনি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানসহ সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে দ্রুত সময়ের মধ্যে ঠিকাদারের মাধ্যমে খননকৃত নলকূপগুলোর সরঞ্জাম সমূহ স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নতুবা ঠিকাদারের বিল প্রদান না করার জন্য. সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ. সভায় বিস্তারিত আলোচনান্তে জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তরের রাজস্ব বরাদ্দের আওতায় নতুন ১টি ভবন নির্মাণের কাজ প্রাক্কলন ও ডিজাইন অনুযায়ী বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), হালুয়াঘাট। |
| ২.১৬ | ফায়ার সার্ভিসঃ<br>স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, হালুয়াঘাট সভায় জানান যে, তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আন্তরিকতার সাথে সকল কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ হলো। | স্টেশন অফিসার ফায়ার সার্ভিস, হালুয়াঘাট। |
| ২.১৭ | হালুয়াঘাট পৌরসভা ঃ<br>জনাব খায়রুল আলম ভূঞা, মেয়র, হালুয়াঘাট পৌরসভা প্রতিবেদনের মাধ্যমে জানান যে, হালুয়াঘাট পৌরসভাস্থিত বিভিন্ন ড্রেইন এবং রাস্তার পাশে ময়লা আবর্জনা পরিস্কারের কার্যক্রম নিয়মিত চলমান রয়েছে। এছাড়াও মশক নিধন কার্যক্রম অব্যাহত রয়েছে। তাছাড়া পৌরসভার অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | মেয়র, হালুয়াঘাট পৌরসভার প্রস্তাব গুরুত্ব সহকারে বিবেচনা করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মেয়র, হালুয়াঘাট পৌরসভা, হালুয়াঘাট। |
| ২.১৮ | উপজেলা ভাইস চেয়ারম্যান ঃ<br>ক. জনাব শাখাওয়াত হোসেন ফকির, উপজেলা ভাইস চেয়ারম্যান, হালুয়াঘাট প্রতিবেদনের মাধ্যমে জানান যে, উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (পুনঃপ্রবর্তন আইন, ২০০৯ ও সংশোধিত আইন, ২০১১) এর ২৯(১) ধারার বিধান অনুযায়ী, উপজেলা পরিষদের কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের জন্য ১৭টি কমিটি গঠন করা হয়েছে। কিন্তু স্থায়ী কমিটির সভা নিয়মিত না হওয়ায় উপজেলা পরিষদের কার্যক্রম বাধাগ্রস্ত হচ্ছে, বিধায় এখন হতে বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত স্থায়ী কমিটির সভা আহ্বান করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের জন্য নিয়মিত ১৭টি স্থায়ী কমিটির সভা করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট।<br>২। বিভাগীয় প্রধান (সকল)<br>৩। উপজেলা ভাইস চেয়ারম্যান। |
| ২.১৯ | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ঃ<br>ক. উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, হালুয়াঘাট প্রতিবেদনের মাধ্যমে জানান যে, উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (পুনঃপ্রবর্তন আইন, ২০০৯ ও সংশোধিত আইন, ২০১১) এর ২৯(১) ধারার বিধান অনুযায়ী, উপজেলা পরিষদের কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের জন্য ১৭টি কমিটি গঠন করা হয়েছে। কিন্তু স্থায়ী কমিটির সভা নিয়মিত না হওয়ায় উপজেলা পরিষদের কার্যক্রম বাধাগ্রস্ত হচ্ছে, বিধায় এখন হতে বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত স্থায়ী কমিটির সভা আহ্বান করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। খ. তিনি আরও জানান যে,উপজেলা পর্যায়ে সামগ্রিক নারী জনপ্রতিনিধিদের অংশগ্রহণ বৃদ্ধি, পরিষদের সামগ্রিক কার্যক্রম অধিকতর কার্যকর ও নারীবান্ধব করা, প্রতিনিধিদের দক্ষতা বৃদ্ধি ও জেন্ডার সংবেদনশীল করা এবং পরিষদের নারীবান্ধব পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে নারী উন্নয়ন ফোরাম পরিচালন বিষয়ক নির্দেশিকা পাওয়া গিয়াছে। তিনি সকলকে এ বিষয়ে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের জন্য নিয়মিত ১৭টি স্থায়ী কমিটির সভা করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। বিভাগীয় প্রধান সকল<br>২। উপজেলা মহিলা বিয়ষক কর্মকর্তা, হালুয়াঘাট।<br>৩। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান। |
| ২.২০ | ভূবনকুড়া ইউ.পি. ঃ<br>জনাব মোঃ সুরুজ মিয়া, চেয়ারম্যান, ১ নং ভূবনকুড়া ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, ভূবনকুড়া ইউনিয়নে কমিউনিটি ক্লিনিকে দায়িত্বরত যিনি আছেন তিনি কমিউনিটি ক্লিনিকে নিয়মিত না বসার কারণে অত্র অঞ্চলের জনগণ কাঙ্খিত সেবা পাচ্ছে না বিধায় এ বিষয়ে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভার মাধ্যমে উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, ভূবনকুড়া ইউনিয়নের প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, হালুয়াঘাট<br>২। চেয়ারম্যান, ভূবনকুড়া ইউ.পি |
| ২.২১ | জুগলী ইউ.পি. ঃ<br>ক. জনাব মোহাম্মদ ছামাদুল হাসান, চেয়ারম্যান, ২ নং জুগলী ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, প্রায় সময় নাগেরপাড়া কমিউনিটি ক্লিনিক বন্ধ থাকে এতে করে অত্র অঞ্চলের সাধারণ মানুষ চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হচ্ছে। নিয়মিত যাতে কমিউনিটি ক্লিনিক খোলা হয় এবং সিএইচসিপিদের নিয়ে নিয়মিত বসার জন্য তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তাকে অনুরোধ জানান।<br>খ. এছাড়াও ছাতুগাও এফডব্লিউসি তে ভিজিটর, সেকমো এবং ফার্মাসিস্ট নিয়মিত বসেনা এতে করে এ অঞ্চলের আগত সাধারণ মানুষ চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হচ্ছে বিধায় জরুরি ভিত্তিতে এতদ্অঞ্চলের সাধারণ মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিতকল্পে ভিজিটর, সেকমো এবং ফার্মাসিস্ট নিয়মিত এফডব্লিউসি তে বসার জন্য অনুরোধ জানান।<br>এছাড়াও জুগলী ইউনিয়নের বিভিন্ন রাস্তা ভেঙ্গে যাওয়ায় জরুরি ভিত্তিতে উক্ত রাস্তাগুলো মেরামতের জন্য সভায় প্রস্তাব করেন। তাছাড়া তাঁর ইউনিয়নে অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।<br>গ. উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, প্রত্যেক ইউনিয়নের কমিউনিটি ক্লিনিক, আরডি এবং এফডব্লিউসি তে কর্মরত ডাক্তার এবং স্টাফদের তালিকা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের নিকট প্রেরণ নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা এবং উপজেলা পঃপঃ কর্মকর্তাকে অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, জুগলী ইউনিয়নের প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ. বিস্তারিত আলোচনান্তে প্রত্যেক ইউনিয়নের কমিউনিটি ক্লিনিক, আরডি এবং এফডব্লিউসি তে কর্মরত ডাক্তার এবং স্টাফদের তালিকা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের নিকট প্রেরণ নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, হালুয়াঘাট<br>২। উপজেলা পঃপঃ কর্মকর্তা, হালুয়াঘাট, ময়মনসিংহ।<br>৩। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হালুয়াঘাট।<br>৪। চেয়ারম্যান, জুগলী ইউ.পি. |

চলমান পাতা-৬

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.২২ | কৈচাপুর ইউ.পি. ঃ<br>জনাব জাহিদ আহমেদ সারোয়ার জাহান, চেয়ারম্যান, ৩ নং কৈচাপুর ইউ.পি., হালুয়াঘাট জানান যে, হালুয়াঘাট উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে উপজেলা পরিষদের মালিকানাধীন বিআরডিবি অফিসের সন্নিকটে উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে মার্কেট নির্মাণ পূর্বক ভাড়া প্রদানের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া ১৮ বৎসর যাবৎ অবৈধভাবে দোকান ভাড়ার টাকা বিআরডিবি কিভাবে উত্তোলন করল এবং এই টাকা কোথায় গেলো এবং কিভাবে ব্যয় করা হয়েছে তা তদন্ত পূর্বক উৎঘাটন করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া তাঁর ইউনিয়নের উন্নয়নমূলক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। তাছাড়া তাঁর ইউনিয়নের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে হালুয়াঘাট উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে উপজেলা পরিষদের মালিকানাধীন বিআরডিবি অফিসের সন্নিকটে উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে মার্কেট নির্মাণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট, ময়মনসিংহ।<br>২। চেয়ারম্যান, কৈচাপুর ইউ.পি. |
| ২.২৩ | হালুয়াঘাট ইউ.পি. ঃ<br>জনাব মোঃ ইকরামুল হাসান খসরু, প্যানেল চেয়ারম্যান, ৪ নং হালুয়াঘাট ইউ.পি., হালুয়াঘাট সভায় জানান বর্ষায় ইউনিয়নের বিভিন্ন রাস্তা ভেঙ্গে গেছে বিধায় জরুরি ভিত্তিতে ভাঙ্গা রাস্তাগুলো সংস্কার করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া তাঁর ইউনিয়নের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট।<br>২। চেয়ারম্যান, হালুয়াঘাট ইউ.পি.<br>৩। ইউ.পি. সচিব |
| ২.২৪ | গাজিরভিটা ইউ.পি. ঃ<br>জনাব মোঃ আবদুল মান্নান, চেয়ারম্যান, ৫ নং গাজিরভিটা ইউ.পি., হালুয়াঘাট সভায় জানান যে, সমনিয়াপাড়া ব্রীজ হতে বোয়ালমারা শামছুর ব্রীজ পর্যন্ত বর্ষার পানি স্রোতে রাস্তাটি ভেঙ্গে গেছে বিধায় পানি উন্নয়ন বোর্ডের মাধ্যমে রাস্তাটি মেরামত করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন।বর্ষায় গাজিরভিটা ইউনিয়নের বিভিন্ন রাস্তা ভেঙ্গে গেছে বিধায় জরুরি ভিত্তিতে ভাঙ্গা রাস্তাগুলো সংস্কার করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া গাজিরভিটা ইউনিয়নের বেশ কয়েকটি বাধ ভেঙ্গে যাওয়ায় বাঁধ সমূহ মেরামত করার জন্য পানি উন্নয়ন বোর্ড, ময়মনসিংহ এ পত্র প্রেরণের জন্য তিনি সভায় প্রস্তাব করেন এছাড়াও বরাক জোড়া নদী ক্ষুদ্রাকার পানি উন্নয়ন এবং স্লুইচ গেইট নির্মাণ করার বিষয়ে তিনি প্রস্তাব করেন। তাছাড়া তাঁর ইউনিয়নের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে ও স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পঃপঃ অফিসার, হালুয়াঘাট।<br>২। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট।<br>৩। চেয়ারম্যান, গাজিরভিটা ইউ.পি. |
| ২.২৫ | বিলডোরা ইউ.পি. ঃ<br>জনাব মোঃ সাবজল হোসেন খান, চেয়ারম্যান, ৬ নং বিলডোরা ইউ.পি., সভায় সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানান এবং তিনি বলেন যে, বিলডোরা ইউনিয়নের এফডব্লিউসি তে নিয়মিত ডাক্তার বসেনা বিধায় অত্র ইউনিয়নের সাধারণ মানুষ চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হচ্ছে বিধায় উক্ত এফডব্লিউসি তে নিয়মিত ডাক্তার বসার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া তাঁর ইউনিয়নের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে ও স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>খ. উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট বিলডোরা ইউনিয়নের এফডব্লিউসি তে যে কয়দিন ডাক্তার বসেন তা চেয়ারম্যান সাহেব কে জানিয়ে দেয়ার জন্য তিনি উপজেলা পঃপঃ কর্মকর্তা, হালুয়াঘাট কে অনুরোধ জানানো হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা পঃপঃ কর্মকর্তা, হালুয়াঘাট<br>২। চেয়ারম্যান, বিলডোরা ইউ.পি. |
| ২.২৬ | শাকুয়াই ইউ.পি. ঃ<br>জনাব ইউনুস আলী খান, চেয়ারম্যান, ৭ নং শাকুয়াই ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, শাকুয়াই ইউনিয়নের অন্তর্গত নিম্নোক্ত রাস্তাগুলো আইডি নম্বর প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় প্রস্তাব করেন।<br>১. জৈনাটি মহিলা বাজার জিসি ভায়া উত্তর শাকনাইট বাজার জিসি ভায়া জৈনাটি মাদ্রাসা পর্যন্ত, প্রস্তাবিত দৈর্ঘ্য-৪.০০ কি.মি.<br>২. শাকুয়াই ইউজেডআর টু জৈনাটি মহিলা বাজার জিসি ভায়া বাগিসপুর, প্রস্তাবিত দৈর্ঘ্য-১.০০ কি.মি.<br>৩. কৃষ্ণনগর জিসি টু জৈনাটি মহিলা বাজার জিসি ভায়া আরব আলী চেয়ারম্যান মোড়, প্রস্তাবিত দৈর্ঘ্য-৩.০০ কি.মি.<br>৪. শাকুয়াই বাজার ইউজেডআর টু বাড়িয়কান্দা মসজিদ ভায়া আসামিয়পাড়া পর্যন্ত, প্রস্তাবিত দৈর্ঘ্য-২.৫ কি.মি.<br>৫. জৈনাটি বাড়িয়াকান্দা জিসি টু জৈনাটি জিসি জৈনাটি স্কুল এবং কমিউনিটি ক্লিনিক পর্যন্ত, প্রস্তাবিত দৈর্ঘ্য-১.০০ কি.মি.<br>৬. ইটাখলা-শাকুয়াই ইউজেডআর রোড (ধোপানিয়া মোড়) টু জৈনাটি স্কুল পর্যন্ত, প্রস্তাবিত দৈর্ঘ্য-১.৫ কি.মি. | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, শাকুয়াই ইউনিয়নের প্রস্তাব মোতাবেক রাস্তাগুলো আইডি নম্বরে অন্তর্ভুক্ত করণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, হালুয়াঘাট।<br>২। অফিসার ইনচার্জ হালুয়াঘাট থানা<br>৩। ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক<br>৪। চেয়ারম্যান, শাকুয়াই ইউ.পি. |
| ২.২৭ | নড়াইল ইউ.পি.<br>জনাব মোঃ আনোয়ার হোসেন মানিক, চেয়ারম্যান, ৮ নং নড়াইল ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, নড়াইল ইউনিয়নের অন্তর্গত গোপীনগর মৌজায় সামছু মেম্বারের বাড়ির নিকট ব্যাপক আকারে জলাবদ্ধতা দেখা দিয়েছে বিধায় জরুরি ভিত্তিতে ১টি প্রকল্প গ্রহণের মাধ্যমে জলাবদ্ধতা নিরসনের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তিনি আরও জানান যে, নড়াইল ইউনিয়নের সাবেক ১ নং ওয়ার্ড নড়াইলে কোন কমিউনিটি ক্লিনিক নাই বিধায় অত্র অঞ্চলের মানুষের চিকিৎসা সেবা নিশ্চিত কল্পে নতুন ১টি কমিউনিটি ক্লিনিক নির্মাণ করার জন্য তিনি প্রস্তাব করেন। তাছাড়া বটগাছিয়াকান্দা কমিউনিটি ক্লিনিকে এখন পর্যন্ত বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়নি বিধায় জরুরি ভিত্তিতে বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য তিনি অনুরোধ জানান। বটগাছিয়াকান্দা কমিউনিটি ক্লিনিকে সিএইচসিপিগণ নিয়মিত না বসায় এতদ্‌অঞ্চলের সাধারণ মানুষ চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হচ্ছে বিধায় এখন হতে নিয়মিত বটগাছিয়াকান্দা কমিউনিটি ক্লিনিকে সিএইচসিপিদের বসার জন্য অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে ৮ নং নড়াইল ইউনিয়নের চেয়ারম্যান এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট, । |

চলমান পাতা-৭

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.২৮ | জনাব তোফায়েল আহমদ বিপ্লব, চেয়ারম্যান, ৯ নং ধারা ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, হালুয়াঘাট উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে উপজেলা পরিষদের মালিকানাধীন বিআরডিবি অফিসের সন্নিকটে উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে মার্কেট নির্মাণ পূর্বক ভাড়া প্রদানের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া ১৮ বৎসর যাবৎ অবৈধভাবে দোকান ভাড়ার টাকা বিআরডিবি কিভাবে উত্তোলন করল এবং এই টাকা কোথায় গেলো এবং কিভাবে ব্যয় করা হয়েছে তা তদন্ত পূর্বক উৎঘাটন করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া তাঁর ইউনিয়নের উন্নয়নমূলক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে হালুয়াঘাট উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে উপজেলা পরিষদের মালিকানাধীন বিআরডিবি অফিসের সন্নিকটে উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে মার্কেট নির্মাণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট, ময়মনসিংহ।<br>২। চেয়ারম্যান, ধারা ইউ.পি. |
| ২.২৯ | ধুরাইল ইউ.পি. ঃ<br>জনাব ওয়ারিছ উদ্দিন সুমন, চেয়ারম্যান, ১০ নং ধুরাইল ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট জানান যে, বর্তমান জনবান্ধব সরকার চিকিৎসাকে অগ্রাধিকার দিয়েছে কিন্তু দুঃখের বিষয় ধুরাইল উপ-স্বাস্থ্য কেন্দ্রটি বর্তমানে অচল অবস্থায় আছে বিধায় জরুরি ভিত্তিতে ধুরাইল উপ-স্বাস্থ্য কেন্দ্রটি সংস্কারের করতঃ নিয়মিত ডাক্তারদের বসার জন্য তিনি প্রস্তাব করেন।<br>খ. তিনি আরও জানান যে, উপজেলা সমাজসেবা অফিসের মাধ্যমে বয়োজ্যেষ্ঠ দুস্থ ও স্বল্প উপার্জনক্ষম অথবা উপার্জনে অক্ষম বয়স্ক জনগোষ্ঠীর সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বয়স্কভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা'র টাকা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে উপকারভোগীর একাউন্টে ঢুকলেও এই টাকা হাতিয়ে নিচ্ছে ৩য় পক্ষ এবং উপকারভোগীগণ টাকা পাচ্ছেন না, যা খুবই দুঃখজনক এবং অনাকাঙ্খিত। এতে করে দুস্থ ও স্বল্প উপার্জনক্ষম অথবা উপার্জনে অক্ষম ব্যক্তিগণ ক্ষতিগ্রস্ত হচ্ছে বিধায় অনতিবিলম্বে এই টাকা উদ্ধার পূর্বক উপকারভোগীদের ফেরৎ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি উপজেলা সমাজসেবা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। ধুরাইল ইউনিয়নের ইছামতি নদীর পাড় ভেঙ্গে যাওয়ায় জরুরি ভিত্তিতে পানি উন্নয়ন বোর্ড, ময়মনসিংহ এর মাধ্যমে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, ধুরাইল ইউনিয়ন পরিষদ এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, হালুয়াঘাট<br>২। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট।<br>৩। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হালুয়াঘাট।<br>৪। চেয়ারম্যান, ধুরাইল ইউ.পি. |
| ২.৩০ | আমতৈল ইউ.পি. ঃ<br>জনাব মোঃ শফিকুর রহমান শফিক, চেয়ারম্যান, ১১ নং আমতৈল ইউ.পি., হালুয়াঘাট প্রতিবেদনের মাধ্যমে জানান যে, নাগলা বাজার থেকে শাকুয়াই রাস্তাটি ভেঙ্গে যাওয়ায় জরুরি ভিত্তিতে রাস্তাটি সংস্কারের জন্য তিনি সভায় প্রস্তাব করেন।<br>খ. তিনি আরও জানান যে, উপজেলা সমাজসেবা অফিসের মাধ্যমে বয়োজ্যেষ্ঠ দুস্থ ও স্বল্প উপার্জনক্ষম অথবা উপার্জনে অক্ষম বয়স্ক জনগোষ্ঠীর সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বয়স্কভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা'র টাকা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে উপকারভোগীর একাউন্টে ঢুকলেও এই টাকা হাতিয়ে নিচ্ছে ৩য় পক্ষ এবং উপকারভোগীগণ টাকা পাচ্ছেন না, যা খুবই দুঃখজনক এবং অনাকাঙ্খিত। এতে করে দুস্থ ও স্বল্প উপার্জনক্ষম অথবা উপার্জনে অক্ষম ব্যক্তিগণ ক্ষতিগ্রস্ত হচ্ছে বিধায় অনতিবিলম্বে এই টাকা উদ্ধার পূর্বক উপকারভোগীদের ফেরৎ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানান এবং ভাতা বিতরণ কার্যক্রম ব্যাংকিং সিস্টেমে করার জন্য সভায় প্রস্তাব করেন।<br>গ. তিনি আরও জানান যে, উপজেলা কৃষি অফিসের মাধ্যমে আমতৈল ইউনিয়নে উক্ত ব্লকের উপ-সহকারী কৃষি কর্মকর্তা জনাব রিয়েল খান কর্তৃক অপরিকল্পিত ভাবে নিজের মনমত ২টি কৃষক সমবায় সমিতি গঠন পূর্বক ফার্নিচার ক্রয় পূর্বক সরবরাহ করা হয়েছে কিন্তু বর্তমানে এই সমিতির ফার্নিচার কোথাও গেল তা তদন্ত পূর্বক উদ্ধার জন্য তিনি উপজেলা কৃষি অফিসার, হালুয়াঘাট এর দৃষ্টি আকর্ষণ করেন। তাছাড়া তাঁর ইউনিয়নের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, আমতৈল ইউনিয়ন এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা কৃষি অফিসার হালুয়াঘাট, ময়মনসিংহ।<br>২। উপজেলা সমাজসেবা অফিসার, হালুয়াঘাট।<br>৩। চেয়ারম্যান, আমতৈল ইউ.পি. |
| ২.৩১ | স্বদেশী ইউ.পি. ঃ<br>জনাব মোঃ ইরাদ হোসেন সিদ্দিকী, চেয়ারম্যান, স্বদেশী ইউ.পি., হালুয়াঘাট প্রতিবেদনের মাধ্যমে জানান যে, তাছাড়া স্বদেশী ইউনিয়নের অন্তর্গত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে নিয়মিত কর্মকর্তা-কর্মচারী কেউ না বসায় সাধারণ মানুষ স্বাস্থ্য সেবা বঞ্চিত হচ্ছে বলে তিনি বসাকে অবহিত করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, আমতৈল ইউনিয়ন এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।<br>২। চেয়ারম্যান, স্বদেশী ইউ.পি. |

বিবিধ :

ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, উত্তর খয়রাকুড়ি মৌজাস্থিত এস.এ-২০২ নং খতিয়ান ভুক্ত এস.এ-১৩ নং দাগে ০.৪৯ একর ভূমি অবৈধ কাগজপত্র প্রদর্শন করে অবৈধ ভাবে নামজারি হাসিল করেন এবং পরবর্তীতে তা বাতিল করা হয়। উক্ত ভূমি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর পক্ষে থানা নির্বাহী অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ এর নামে অধিগ্রহণকৃত। এল,এ কেইছ নং-০৯/৮৩-৮৪ ও এল,এ কেস নং-২২/৮৩-৮৪। ভূমি হস্তান্তর আইন ১৮৮২ মতে রেজিস্ট্রিকৃত হস্তান্তর দলিল ব্যতীত মালিকানা স্বত্ব সৃষ্টি হয় না। বি.আর.এস মাঠ জরিপে এস.এ-১৩ নং দাগ, বি.এস-৩৭, ৩৯, ৪০, ৪১ ও ৪২ নং দাগে রূপান্তরিত হয়ে বি.এস-৩২ নং খতিয়ানে ৩৭ নং দাগে ০.৩৭ একর, ৩৯ নং দাগে ১.৩৩ একর, ৪০ নং দাগে ০.১১ একর, ৪১ নং দাগে ০.৬০ একর, ৪২ নং দাগে ০.৩২ একর একুনে ২.৭৩ একর ভূমি বাংলাদেশ সরকার এর পক্ষে সার্কেল অফিসার উন্নয়ন হালুয়াঘাট এর নামে রেকর্ড লিপিবদ্ধ হয়। কিন্তু বিআরডিবি কিভাবে উপজেলা পরিষদের নিজস্ব জায়গায় দোকান ভাড়া উত্তোলন করেন প্রায় ১৮ বৎসর যাবৎ উত্তোলিত টাকা কোন খাতে ব্যয় করেছেন তা সভায় উপস্থাপন করার জন্য তিনি সভায় আহ্বান জানান।

সিদ্ধান্ত : সভায় বিস্তারিত আলোচনান্তে ১৮ বৎসর যাবৎ উত্তোলিত সমুদয় ভাড়ার টাকা কোন খাতে ব্যয় করা হয়েছে তা সভায় উপস্থাপন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-৮

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.২৮ | জনাব তোফায়েল আহমদ বিপ্লব, চেয়ারম্যান, ৯ নং ধারা ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, হালুয়াঘাট উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে উপজেলা পরিষদের মালিকানাধীন বিআরডিবি অফিসের সন্নিকটে উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে মার্কেট নির্মাণ পূর্বক ভাড়া প্রদানের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া ১৮ বৎসর যাবৎ অবৈধভাবে দোকান ভাড়ার টাকা বিআরডিবি কিভাবে উত্তোলন করল এবং এই টাকা কোথায় গেলো এবং কিভাবে ব্যয় করা হয়েছে তা তদন্ত পূর্বক উৎঘাটন করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া তাঁর ইউনিয়নের উন্নয়নমূলক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে হালুয়াঘাট উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে উপজেলা পরিষদের মালিকানাধীন বিআরডিবি অফিসের সন্নিকটে উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে মার্কেট নির্মাণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট, ময়মনসিংহ।<br>২। চেয়ারম্যান, ধারা ইউ.পি. |
| ২.২৯ | ধুরাইল ইউ.পি. ঃ | | |
| | জনাব ওয়ারিছ উদ্দিন সুমন, চেয়ারম্যান, ১০ নং ধুরাইল ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট জানান যে, বর্তমান জনবান্ধব সরকার চিকিৎসাকে অগ্রাধিকার দিয়েছে কিন্তু দুঃখের বিষয় ধুরাইল উপ-স্বাস্থ্য কেন্দ্রটি বর্তমানে অচল অবস্থায় আছে বিধায় জরুরী ভিত্তিতে ধুরাইল উপ-স্বাস্থ্য কেন্দ্রটি সংস্কারের করতঃ নিয়মিত ডাক্তারদের বসার জন্য তিনি প্রস্তাব করেন।<br>খ. তিনি আরও জানান যে, উপজেলা সমাজসেবা অফিসের মাধ্যমে বয়োজ্যেষ্ঠ দুস্থ ও স্বল্প উপার্জনক্ষম অথবা উপার্জনে অক্ষম বয়স্ক জনগোষ্ঠীর সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বয়স্কভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা'র টাকা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে উপকারভোগীর একাউন্টে ঢুকলেও এই টাকা হাতিয়ে নিচ্ছে ৩য় পক্ষ এবং উপকারভোগীগণ টাকা পাচ্ছেন না, যা খুবই দুঃখজনক এবং অনাকাঙ্খিত। এতে করে দুস্থ ও স্বল্প উপার্জনক্ষম অথবা উপার্জনে অক্ষম ব্যক্তিগণ ক্ষতিগ্রস্ত হচ্ছে বিধায় অনতিবিলম্বে এই টাকা উদ্ধার পূর্বক উপকারভোগীদের ফেরৎ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি উপজেলা সমাজসেবা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। ধুরাইল ইউনিয়নের ইছামতি নদীর পাড় ভেঙ্গে যাওয়ায় জরুরি ভিত্তিতে পানি উন্নয়ন বোর্ড, ময়মনসিংহ এর মাধ্যমে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, ধুরাইল ইউনিয়ন পরিষদ এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, হালুয়াঘাট<br>২। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট।<br>৩। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হালুয়াঘাট।<br>৪। চেয়ারম্যান, ধুরাইল ইউ.পি. |
| ২.৩০ | আমতৈল ইউ.পি. ঃ | | |
| | জনাব মোঃ শফিকুর রহমান শফিক, চেয়ারম্যান, ১১ নং আমতৈল ইউ.পি., হালুয়াঘাট প্রতিবেদনের মাধ্যমে জানান যে, নাগলা বাজার থেকে শাকুয়াই রাস্তাটি ভেঙ্গে যাওয়ায় জরুরি ভিত্তিতে রাস্তাটি সংস্কারের জন্য তিনি সভায় প্রস্তাব করেন।<br>খ. তিনি আরও জানান যে, উপজেলা সমাজসেবা অফিসের মাধ্যমে বয়োজ্যেষ্ঠ দুস্থ ও স্বল্প উপার্জনক্ষম অথবা উপার্জনে অক্ষম বয়স্ক জনগোষ্ঠীর সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বয়স্কভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা'র টাকা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে উপকারভোগীর একাউন্টে ঢুকলেও এই টাকা হাতিয়ে নিচ্ছে ৩য় পক্ষ এবং উপকারভোগীগণ টাকা পাচ্ছেন না, যা খুবই দুঃখজনক এবং অনাকাঙ্খিত। এতে করে দুস্থ ও স্বল্প উপার্জনক্ষম অথবা উপার্জনে অক্ষম ব্যক্তিগণ ক্ষতিগ্রস্ত হচ্ছে বিধায় অনতিবিলম্বে এই টাকা উদ্ধার পূর্বক উপকারভোগীদের ফেরৎ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানান এবং ভাতা বিতরণ কার্যক্রম ব্যাংকিং সিস্টেমে করার জন্য সভায় প্রস্তাব করেন।<br>গ. তিনি আরও জানান যে, উপজেলা কৃষি অফিসের মাধ্যমে আমতৈল ইউনিয়নে উক্ত ব্লকের উপ-সহকারী কৃষি কর্মকর্তা জনাব রিয়েল খান কর্তৃক অপরিকল্পিত ভাবে নিজের মনমত ২টি কৃষক সমবায় সমিতি গঠন পূর্বক ফার্নিচার ক্রয় পূর্বক সরবরাহ করা হয়েছে কিন্তু বর্তমানে এই সমিতির ফার্নিচার কোথাও গেল তা তদন্ত পূর্বক উদ্ধার জন্য তিনি উপজেলা কৃষি অফিসার, হালুয়াঘাট এর দৃষ্টি আকর্ষণ করেন। তাছাড়া তাঁর ইউনিয়নের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, আমতৈল ইউনিয়ন এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা কৃষি অফিসার হালুয়াঘাট, ময়মনসিংহ।<br>২। উপজেলা সমাজসেবা অফিসার, হালুয়াঘাট।<br>৩। চেয়ারম্যান, আমতৈল ইউ.পি. |
| ২.৩১ | স্বদেশী ইউ.পি. ঃ | | |
| | জনাব মোঃ ইরাদ হোসেন সিদ্দিকী, চেয়ারম্যান, স্বদেশী ইউ.পি., হালুয়াঘাট প্রতিবেদনের মাধ্যমে জানান যে, তাছাড়া স্বদেশী ইউনিয়নের অন্তর্গত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে নিয়মিত কর্মকর্তা-কর্মচারী কেউ না বসায় সাধারণ মানুষ স্বাস্থ্য সেবা বঞ্চিত হচ্ছে বলে তিনি বসাকে অবহিত করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, আমতৈল ইউনিয়ন এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।<br>২। চেয়ারম্যান, স্বদেশী ইউ.পি. |

বিবিধ :

ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, উত্তর খয়রাকুড়ি মৌজাস্থিত এস.এ-২০২ নং খতিয়ান ভুক্ত এস.এ-১৩ নং দাগে ০.৪৯ একর ভূমি অবৈধ কাগজপত্র প্রদর্শন করে অবৈধ ভাবে নামজারি হাসিল করেন এবং পরবর্তীতে তা বাতিল করা হয়। উক্ত ভূমি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর পক্ষে থানা নির্বাহী অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ এর নামে অধিগ্রহণকৃত। এল,এ কেইছ নং-০৯/৮৩-৮৪ ও এল,এ কেস নং-২২/৮৩-৮৪। ভূমি হস্তান্তর আইন ১৮৮২ মতে রেজিস্ট্রিকৃত হস্তান্তর দলিল ব্যতীত মালিকানা স্বত্ব সৃষ্টি হয় না। বি.আর.এস মাঠ জরিপে এস.এ-১৩ নং দাগ, বি.এস-৩৭, ৩৯, ৪০, ৪১ ও ৪২ নং দাগে রূপান্তরিত হয়ে বি.এস-৩২ নং খতিয়ানে ৩৭ নং দাগে ০.৩৭ একর, ৩৯ নং দাগে ১.৩৩ একর, ৪০ নং দাগে ০.১১ একর, ৪১ নং দাগে ০.৬০ একর, ৪২ নং দাগে ০.৩২ একর একুনে ২.৭৩ একর ভূমি বাংলাদেশ সরকার এর পক্ষে সার্কেল অফিসার উন্নয়ন হালুয়াঘাট এর নামে রেকর্ড লিপিবদ্ধ হয়। কিন্তু বিআরডিবি কিভাবে উপজেলা পরিষদের নিজস্ব জায়গায় দোকান ভাড়া উত্তোলন করেন প্রায় ১৮ বৎসর যাবৎ উত্তোলিত টাকা কোন খাতে ব্যয় করেছেন তা সভায় উপস্থাপন করার জন্য তিনি সভায় আহ্বান জানান।

সিদ্ধান্ত : সভায় বিস্তারিত আলোচনান্তে ১৮ বৎসর যাবৎ উত্তোলিত সমুদয় ভাড়ার টাকা কোন খাতে ব্যয় করা হয়েছে তা সভায় উপস্থাপন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-৮

পরিশেষে সভাপতি করোনাকালীন সময়ে এ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ডে মাননীয় জাতীয় সংসদ সদস্য, জনপ্রতিনিধি ও বিভাগীয় কর্মকর্তাগণের পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে হালুয়াঘাট উপজেলা পরিষদকে সার্বিক সহযোগিতা প্রদান অব্যাহত রাখতে এবং দক্ষতা ও আন্তরিকতার সাথে সংশ্লিষ্ট সকলকে নিজ নিজ দায়িত্ব পালনের পরামর্শ প্রদান পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মাহমুদুল হক সায়েম)
সভাপতি
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হালুয়াঘাট, ময়মনসিংহ।

স্মারক নং-৪৬.৪৫.৬১২৪.০০১.০৬.০০১.২২. ২১৬ তারিখঃ ২৭ জুন, ২০২২ খ্রি.।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

০১। জনাব জুয়েল আরেং, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৪৬, ময়মনসিংহ-১ (হালুয়াঘাট-ধোবাউড়া)।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৫। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।
০৭। সিভিল সার্জন, ময়মনসিংহ।
০৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ।
০৯। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা -২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। মেয়র, হালুয়াঘাট পৌরসভা, হালুয়াঘাট, ময়মনসিংহ।
১১। উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, হালুয়াঘাট, ময়মনসিংহ।

অনুলিপি কার্যার্থে ঃ

১। উপজেলা.....................................................অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান,.................................................ইউনিয়ন পরিষদ (সকল), হালুয়াঘাট।
৩। জনাব.......................................................................সদস্য, উপজেলা পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, হালুয়াঘাট, ময়মনসিংহ। তাঁকে ওয়েবসাইটে আপলোড করণের জন্য অনুরোধ করা হলো।
৪। অফিস কপি।

২৮/০৭/২২
মোঃ সোহেল রানা
উপজেলা নির্বাহী অফিসার
হালুয়াঘাট, ময়মনসিংহ।

পরিশিষ্ট –'ক'

## অদ্য ২৭-০৬-২০২২ খ্রিঃ তারিখ হালুয়াঘাট উপজেলা পরিষদ সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের হাজিরাঃ
## (স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্র:নঃ | বিভাগীয় কর্মকর্তার নাম ও পদবী | স্বাক্ষর | ক্র:ন | জনপ্রতিনিধির নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১. | ডাঃ মুনীর আহমেদ,<br>উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, হালুয়াঘাট। | স্বাক্ষরিত/- | ০১. | জনাব মোঃ খায়রুল আলম ভূঞা, মেয়র<br>হালুয়াঘাট পৌরসভা, হালুয়াঘাট, ময়মনসিংহ | স্বাক্ষরিত/- |
| ০২. | " মোহাম্মদ আলাল উদ্দিন,<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হালুয়াঘাট। | " | ০২. | জনাব ঝর্ণা ঘোষ<br>উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, হালুয়াঘাট, ময়মনসিংহ। | " |
| ০৩. | " মোঃ মাসুদুর রহমান,<br>উপজেলা কৃষি অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ | " | ০৩. | জনাব শাখাওয়াত হোসেন ফকির<br>উপজেলা ভাইস চেয়ারম্যান, হালুয়াঘাট, ময়মনসিংহ। | " |
| ০৪. | ডাঃ তারেক আহমেদ,<br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার, হালুয়াঘাট। | " | ০৪. | " মোঃ শফিকুর রহমান, চেয়ারম্যান, ১১ নং আমতৈল ইউ.পি. | " |
| ০৫. | " মোহাম্মদ এনামুল হক,<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হালুয়াঘাট | " | ০৫. | " মোঃ সাবজল হোসেন খান, চেয়ারম্যান,<br>৬ নং বিলডোরা ইউ.পি. | " |
| ০৬. | " মোঃ দেলোয়ার হোসেন,<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হালুয়াঘাট | " | ০৬. | " জাহিদ আহমেদ সারোয়ার জাহান<br>চেয়ারম্যান, ৩ নং কৈচাপুর ইউ.পি, হালুয়াঘাট | " |
| ০৭. | " মোঃ আব্দুর রহমান, উপজেলা সমাজসেবা অফিসার,<br>হালুয়াঘাট, ময়মনসিংহ | " | ০৭. | " মোঃ আব্দুল মান্নান<br>চেয়ারম্যান, ৫ নং গাজিরভিটা ইউ.পি, হালুয়াঘাট | " |
| ০৮. | " জাকির হোসেন,<br>উপজেলা মৎস্য অফিসার, হালুয়াঘাট | " | ০৮. | " মোঃ আনোয়ার হোসেন মানিক<br>চেয়ারম্যান, ৮ নং নড়াইল ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট | " |
| ০৯. | " মেহেদী হাসান,<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), হালুয়াঘাট | " | ০৯. | " ইউনুস আলী খান, চেয়ারম্যান, ৭ নং শাকুয়াই ইউ.পি,<br>হালুয়াঘাট, ময়মনসিংহ। | " |
| ১০. | " বিনয় রঞ্জন চাকমা<br>সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হালুয়াঘাট | | ১০. | " মোঃ ওয়ারিছ উদ্দিন সুমন, চেয়ারম্যান,<br>১০ নং ধুরাইল ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট | " |
| ১১. | " আরমানা হক,<br>উপজেলা মহিলা বিষয়ক অফিসার, হালুয়াঘাট | | ১১. | " মোঃ ইরাদ হোসেন সিদ্দিকী, চেয়ারম্যান,<br>১২ নং স্বদেশী ইউ.পি. | " |
| ১২. | " মোঃ আবু জুলহাস,<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হালুয়াঘাট | | ১২. | " তোফায়েল আহমদ বিপ্লব, চেয়ারমান, ৯ নং ধারা ইউ.পি | " |
| ১৩. | " মোঃ আমিনুর রহমান, উপজেলা দারিদ্র বিমোচন<br>অফিসার, হালুয়াঘাট | | ১৩. | " মোঃ সুরুজ মিয়া, চেয়ারম্যান, ১ নং ভূবনকুড়া ইউ.পি. | " |
| ১৪. | " দেলোয়ার হোছাইন, প্রশিক্ষক,<br>আনসার ও ভিডিপি অফিস, হালুয়াঘাট। | | ১৪. | " মোছাঃ শাহানাজ আক্তার, সংরক্ষিত আসনের সদস্য | " |
| ১৫. | " মোঃ দেলোয়ার হোসেন খান<br>ডিজিএম, হালুয়াঘাট জোনাল অফিস, ময়মনসিংহ<br>পবিস-৩ | | ১৫. | " মোছাঃ হাসন্না বেগম, সংরক্ষিত আসনের সদস্য | " |
| ১৬. | " মোঃ মাফুজুর রহমান, উপজেলা প্রকৌশলী,<br>এলজিইডি, হালুয়াঘাট। | | ১৬. | " মোছাঃ তাছলিমা খাতুন, সংরক্ষিত আসনের সদস্য | " |
| | | | ১৭. | " মোছাঃ আয়েশা, সংরক্ষিত আসনের সদস্য | " |